তারিখ 23 NOV 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

সমকাল

# ভুলে ভরা প্রাথমিক সমাপনীর প্রশ্নপত্র

■ বিডিনিউজ

গত রোববার থেকে শুরু হওয়া প্রাথমিক শিক্ষা সমাপনীর (পিইসি) 'বাংলাদেশ ও বিশ্ব পরিচিতি' পরীক্ষার এক প্রশ্নপত্রে ৫০টি ভুল ধরা পড়েছে। মঙ্গলবার সিলেট বোর্ডের ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রের এ ভুলগুলো এক পরীক্ষার্থীর অভিভাবক ফেসবুকে দিলে তা ভাইরাল হয়ে যায়। সমালোচনার ঝড় বয়ে যায় ইন্টারনেটে। প্রশ্নপত্রটির ৫০টি নৈর্ব্যক্তিক প্রশ্নের মধ্যে ৪০টিতেই ভাষা ও ব্যাকরণগত ভুল রয়েছে। বানান ভুল থেকে শুরু করে বাক্য গঠনে পর্যন্ত ভুল রয়েছে। রয়েছে অর্থহীন বাক্যও।

জাতীয় পর্যায়ে প্রতিযোগিতামূলক একটি পরীক্ষার প্রশ্নপত্রে এত অধিকসংখ্যক ভুল নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন অভিভাবক ও শিক্ষকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক সামসাদ মর্তুজা বলেন, 'আমি ফেসবুকে প্রশ্নপত্রটি দেখেছি, ভুল ছাড়া একটি বাক্যও চোখে পড়েনি। আমি শকড। এ প্রশ্নগুলো যে বা যারা করেন, তাদের দক্ষতা নিয়ে প্রশ্ন রয়েছে আমার। আমি মনে করি না, তারা শিক্ষক হওয়ার যোগ্যতা রাখেন।'

'বাংলাদেশ ও বিশ্ব পরিচিতি' বিষয়ের ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রে ভুল থাকার বিষয়টি স্বীকার করে তার জন্য জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমিকে দায়ী করেছেন সিলেট জেলা সরকারি প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম।

তিনি বলেন, 'প্রশ্ন শিক্ষা মন্ত্রণালয়ের অধীন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি তৈরি করে থাকে। আমরা যে প্রশ্ন পাই, সেটিই কেন্দ্রগুলোতে সরবরাহ করি। প্রশ্নে ভুল আছে কি নেই, তা দেখা আমাদের দায়িত্বের মধ্যে পড়ে না।'